# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 04-08-2025** **Time: 7.50 PM.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যের ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচীর কাজের ক্ষেত্রে বিএলও হিসেবে প্রাথমিক শিক্ষকদের নিয়োগে কোন বাধা নেই বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে।

২) সুপ্রিম কোর্টে রাজ্য সরকারি কর্মচারিদের মহার্ঘ্যভাতা সংক্রান্ত মামলার শুনানি ফের পিছিয়ে গেছে। আগামীকাল এই মামলার শুনানি।

৩) লোকসভায় তৃণমূল কংগ্রেসের দলনেতা হচ্ছেন, অভিষেক ব্যানার্জী। তিনি সুদীপ বন্দ্যোপাধ্যায়ের স্থলাভিষিক্ত হলেন। মুখ্য সচেতক পদে কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের ইস্তফা ।

৪) বাংলা ভাষায় কথা বললেই কোন বাংলাদেশী ভারতের ভোটার হতে পারে না বলে বিজেপি দাবি করেছে।

৫) কলকাতা বিশ্ববিদ্যালয়ের ২৮-শে আগস্টর নির্ধারিত পরীক্ষার দিনক্ষণ ও সময়সূচী অপরিবর্তিত থাকছে।

৬) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজ স্নাতকস্তরে সামাজিক শ্রেণী সংক্রান্ত তথ্য আপডেটের জন্য চূড়ান্ত সময়সীমা বাড়লো।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন- SIR-এর কাজের ক্ষেত্রে বিএলও হিসেবে প্রাথমিক শিক্ষকদের নিয়োগে কোনও বাধা নেই বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে। বিএলও-দের একাংশের মামলার শুনানীতে বিচারপতি অমৃতা সিনহা আজ বলেন, আইন অনুযায়ী, প্রাথমিক শিক্ষকদের এই কাজে নিযুক্ত করা যায়। নির্বাচন কমিশনের গাইডলাইন মেনেই BLO-দের নিয়োগ এবং তাঁদের মধ্যে কাজ বন্টন করতে হবে বলে নির্দেশ দেন বিচারপতি ।

তাঁর পর্যবেক্ষণ, বিএলওদের কাজ এখনও নির্দিষ্ট করা হয়নি। তাই তাঁদের পূর্ণ সময় ধরে কাজ করানো হবে এরকম ভাবার কোনো কারণ নেই।

oooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টে রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘভাতা সংক্রান্ত মামলার শুনানি ফের পিছিয়ে গেছে। **আগামীকাল** এই মামলার শুনানি।

এর আগে আদালতের নির্দেশমতো কেনো ২৫ শতাংশ বকেয়া মহার্ঘ ভাতা নির্ধারিত সময় মিটিয়ে দেওয়া হল না তা নিয়ে দুই বিচারপতি সঞ্জয় কারল ও প্রশান্ত কুমার মিশ্রর বেঞ্চ প্রশ্ন তোলেন। রাজ্য সরকারের আইনজীবীরা জানান, কর্মচারিদের ২৫ শতাংশ বকেয়া মেটাতে হলে প্রচুর অর্থের প্রয়োজন। তা' জোগাড় করতে সময় লাগবে। মামলার শুনানির জন্য আরো এক সপ্তাহ সময় চাওয়া হলেও, শীর্ষ আদালত সেই আবেদনে সাড়া না দিয়ে শুনানি একদিন পিছিয়ে দেয়।

oooooooooooooooooooooooo

লোকসভায় তৃণমূল কংগ্রেসের দলনেতা হচ্ছেন, অভিষেক ব্যানার্জী। তিনি সুদীপ বন্দ্যোপাধ্যায়ের স্থলাভিষিক্ত হলেন। আজ সাংসদদের নিয়ে এক বৈঠকে তৃণমূল কংগ্রেস প্রধান মমতা ব্যানার্জী এই সিদ্ধান্তের কথা জানান।

এদিকে, লোকসভায় দলের মুখ্য সচেতক পদ থেকে কল্যাণ বন্দ্যোপাধ্যায় ইস্তফা দিয়েছেন। পদত্যাগের কারণ ব্যাখ্যা করে কল্যাণবাবু জানিয়েছেন, সংসদীয় দলের

সদস্যদের মধ্যে সমন্বয়ে অভাব নিয়ে প্রশ্ন ওঠায় তিনি পদত্যাগ করলেন। এরই মধ্যে শ্রীরামপুরের এই তৃণমূল কংগ্রেস সাংসদ, এক্স হ্যান্ডেলে কৃষ্ণনগরের সাংসদ মহুহা মৈত্রের প্রতি তাঁর ক্ষোভ উগরে দিয়েছেন। তিনি বলেছেন,  মহুয়া দেবীর অবমাননাকর ভাষা ব্যবহার নিয়ে দলকে জানানো হলেও দলের তরফে তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি।

oooooooooooooooooooooooo

বাংলা ভাষায় কথা বললেই কোন বাংলাদেশী ভারতের ভোটার হতে পারে না বলে বিজেপি দাবি করেছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য আজ নতুন দিল্লিতে সাংবাদিকদের বলেন, মুখ্যমন্ত্রী বাংলাদেশী অনুপ্রবেশকারী ও রোহিঙ্গাদের ওপর নির্ভর করে নির্বাচনী বৈতরণী পার হতে চাইছেন। এজন্যই বাঙালী পরিযায়ী শ্রমিকরা ভিন রাজ্যে বিপন্নবোধ করছেন। এভাবে রাজ্যের মানুষকে বোকা বানানো যাবে না বলে শমিকবাবু স্পট জানান।

(বাইট – শমিক)

দলের রাজ্য সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল অভিযোগ করেছেন, বাংলার মানুষকে বিভ্রান্ত করতে মুখ্যমন্ত্রী বাংলা ও বাঙালি ইস্যুতে পথে নেমেছেন। রাজ্যের ভোটার তালিকায় সংশোধন হলে অনুপ্রবেশকারী ভোট ব্যাঙ্কের ওপর আঘাত আসবে। তাই বিহারের মতো এরাজ্যেও ভোটার তালিকায় নিবিড় সংশোধন কর্মসূচী আটকাতে মুখ্যমন্ত্রী ও তার সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছে।

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি জানিয়েছেন, ভোটার তালিকা সংশোধন এস আই আর-এর প্রক্রিয়া শুরু হলে এরাজ্যে ১ কোটির ওপর ভুয়ো ভোটারের নাম তালিকা থেকে বাদ যেতে পারে। এই কারণেই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আতঙ্কিত হয়ে পড়েছেন। কারণ রাজ্য সরকার অপশাসন ও নৈরাজ্য কায়েমের জন্য এতোদিন ভোটার তালিকায় কারচুপির কথা অবলম্বন করেছে বলেও সমাজ মাধ্যমে তিনি আজ অভিযোগ করেন।

প্রবীণ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী এস আই আর নিয়ে সংসদে আলোচনার দাবি জানিয়েছেন।

(বাইট – অধীর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের মঙ্গলকোট বিধানসভার ২৭৬ নং বুথে পাঁচ জন ভুয়ো ভোটারের উপস্থিতি ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। মঙ্গলকোট বিধানসভার সরগ্রাম অঞ্চলের ঐ বুথে চার মহিলা সহ পাঁচ জনের নাম  ভোটার লিষ্টে রয়েছে।  বিষয়টি নিয়ে নির্বাচন কমিশনের দ্বারস্থ হচ্ছে বিজেপি।।

তাঁদের দাবী মঙ্গলকোট বিধানসভার সরগ্রাম অঞ্চলের ঐ বুথে কোন সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের বসবাসের অস্তিত্ব নেই । ভোটার তালিকায় নাম থাকা   চার মহিলাসহ  পাঁচজনকে কেউ  চেনে না। তাঁদের তালিকা থেকে নাম  বাদ দেওয়ার জন্য নির্বাচন কমিশনের কাছে আবেদন জানাবে বিজেপি। দলের মঙ্গলকোটের এক নম্বর মন্ডলের  সভাপতি দেবজিত দে অভিযোগ করেছেন, শাসক দলের মদতে এই ধরনের বেআইনি কাজ হয়েছে। এদিকে তৃনমুল কংগ্রেসের পক্ষ থেকে দাবি করা হয়েছে, এই সংখ্যালঘু ভোটারদের তালিকা থেকে বাদ দিতে বারবার সাত নম্বর ফর্মে আবেদন করেও   কোনো লাভ হয়নি। তাঁদের পাল্টা দাবী তৃণমূলের বদনাম করার জন্য  নির্বাচন কমিশন বিজেপির সঙ্গে হাত মিলিয়ে এই নাম তুলেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার পুনরায় তদন্তের দাবিতে পরিবারের দায়ের করা মামলায় ‘হলফনামা’ জমা দেওয়ার জন্য ফের সময় চেয়েছে রাজ্য। কলকাতা হাইকোর্টে আজ ওই মামলার শুনানিতে রাজ্যের আইনজীবীর তরফে সময় চাওয়া হলে, মৃতার পরিবারের আইনজীবী ক্ষোভ প্রকাশ করে বলেন, ২৪ জুলাই  বক্তব্য জানানোর কথা থাকলেও রাজ্য তা জানায়নি। এর জেরে শুনানি বারবার পিছিয়ে যাচ্ছে।

দু’পক্ষের বক্তব্য শোনানোর পর আদালত ১১ অগাস্ট মামলার পরবর্তী শুনানির দিন ধার্য করে।

উল্লেখ্য আগামী ৯ অগাস্ট ওই নারকীয় ঘটনার এক বছর পূর্তি হতে চলেছে। সিবিআই এখনো পর্যন্ত আদালতে তদন্তের তিনটি স্টেটাস রিপোর্ট জমা দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার রহড়া থানা এলাকার নীলগঞ্জ রোডের একটি ফ্ল্যাটে তল্লাশি চালিয়ে ১৫ টি আগ্নেয়াস্ত্র, ৯০৫ রাউন্ড গুলি, লেদ মেশিন, ড্রিলিং মেশিন, এবং নগদ অর্থ উদ্ধার করেছে পুলিশ। গ্রেপ্তার করা হয়েছে ফ্ল্যাটের মালিক ৫৭ বছর বয়সী মধুসূদন মুখার্জীকে। তাঁকে আগামীকাল আদালতে তোলা হবে।
পুলিশ জানিয়েছে, ধৃত ব্যক্তি এর আগেও অস্ত্র আইনে ধরা পড়েছিলো।
ওই ফ্ল্যাট থেকে আগ্নেয়াস্ত্র ও কার্তুজ, বিভিন্ন জায়গায় সরবরাহ করা হত।

পুলিশের প্রাথমিক অনুমান,বিহারের সঙ্গে এর যোগাযোগ আছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা বিশ্ববিদ্যালয়ের আগামী ২৮-শে আগস্ট যে পরীক্ষা নেওয়ার কথা ছিল, তার দিনক্ষণ ও সময়সূচী অপরিবর্তিত থাকছে। আজ সিন্ডিকেটের বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে বলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শান্ত দত্ত জানিয়েছে। ওই দিন তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসের জন্য প্রথমে পরীক্ষার দিন বদলের দাবি জানিয়েছিল তৃণমূল কংগ্রেস। রাস্তায় যান চলাচলের অসুবিধা হতে পারে এই কারণ দেখিয়ে পরে উচ্চ-শিক্ষা দফতরের তরফেও বিশ্ববিদ্যালয়কে একই অনুরোধ জানানো হয়েছিল। সিন্ডিকেটের বৈঠকে গৃহীত সিদ্ধান্তকে রাজনৈতিক বলে আখ্যা দিয়েছেন বৈঠকে উপস্থিত রাজ্য সরকারের প্রতিনিধি ওমপ্রকাশ মিশ্র।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৫-২৬ শিক্ষাবর্ষে রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে স্নাতকস্তরে ভর্তি প্রক্রিয়ার জন্য কেন্দ্রীয় পোর্টালে আবেদনকারীদের সামাজিক শ্রেণি সংক্রান্ত তথ্য আপডেটের চূড়ান্ত সময়সীমা বাড়ানো হয়েছে। যে সব আবেদনকারী এখনও তাঁদের সামাজিক শ্রেণি সম্পর্কিত তথ্য আপলোড করেননি বা সংশোধন করেননি, আগামীকাল রাত ১২ টার আগে তাঁরা সেই কাজ সম্পূর্ণ করতে পারবেন। কেন্দ্রীয় অ্যাডমিশন পোর্টালের মাধ্যমে অনলাইনে এই তথ্য আপডেট করতে পারবেন শিক্ষার্থীরা। এর আগে এই সময়সীমা গতকাল অর্থাৎ ৩ আগস্ট শেষ হওয়ার কথা ছিল। নবান্নে আজ মুখ্যসচিব মনোজ পন্থ, উচ্চশিক্ষা সচিব বিনোদ কুমারকে সঙ্গে নিয়ে একথা ঘোষণা করেন।

মুখ্যসচিব আরও জানান, সুপ্রিম কোর্টের ২৮ জুলাই-এর নির্দেশের পরেই এই তথ্য আপডেটের প্রক্রিয়া খোলা হয়েছিল। ইতিমধ্যেই এসএমএস, ইমেল এবং ফোন কলের মাধ্যমে বহুবার মনে করানো হলেও, এখনও বহু আবেদনকারী তাঁদের সামাজিক শ্রেণির তথ্য জমা দেননি। তাই তাদের আরও একবার সুযোগ দেওয়া হচ্ছে। এই সমসয়সীমা বৃদ্ধির কথা তাদের ইমেল বা এসএমএস করেও জানানো হবে বলে মুখ্যসচিব জানান।

নতুন তথ্য আপডেট হওয়ার পর তার ভিত্তিতে কলেজে ভর্তির মেধা তালিকা প্রস্তুত করা হবে।

oooooooooooooooooooooo

প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর স্তরে ভর্তির জন্য প্রবেশিকা পরীক্ষা " Presidency University Master's Degree Entrance Test PUMDET - 2025" গ্রহণ করা হবে আগামী ২৪ আগস্ট রবিবার। ওইদিন দুপুর দুটো থেকে সাড়ে তিনটে পর্যন্ত এই পরীক্ষা নেওয়া এবং ৩১ আগস্ট ফল প্রকাশ করা হবে বলে West Bengal Joint Entrance Examinations Board আজ এক বিবৃতিতে জানিয়েছে। এই পরীক্ষার জন্য ফি সহ অনলাইন আবেদন গ্রহণ করা হবে আগামী ৮ আগস্ট থেকে ১১-ই আগস্ট । ১৯ আগস্ট থেকে ২৪ আগস্ট পর্যন্ত পরীক্ষার জন্য অ্যাডমিড কার্ড ডাউন লোড করা যাবে।

এদিকে, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের স্নাতক স্তরের ভর্তির জন্য প্রবেশিকা পরীক্ষা PUBMET 2025 এর রেজাল্টের তারিখ ও স্নাতকোত্তর স্তরের জন্য প্রবেশিকা পরীক্ষা PUMDET 2025 এর সময় সূচি জয়েন্ট এন্ট্রান্স বোর্ড এর ঘোষণা এসএফআই এর আন্দোলনের জয় বলে ওই সংগঠনের

তরফে দাবি করা হয়েছে। এই দুই দাবিতে এসএফআই এর প্রেসিডেন্সি ইউনিট বিশ্ববিদ্যালয়ে ৯৬ ঘণ্টা অবস্থান কর্মসুচি করে বলে সংগঠনের তরফে দাবি ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় নারী ও শিশু কল্যাণ মন্ত্রক , প্রধানমন্ত্রী মাত্রু বন্দন যোজনা PMVVY প্রকল্পে বিশেষ নিবন্ধীকরণ অভিযানের জন্য সময়সীমা এ মাসের ১৫ তারিখ পর্যন্ত বাড়িয়েছে। এই প্রকল্পের অধীনে অঙ্গনওয়াড়ি ও আসাকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে যোগ্য গর্ভবতী মহিলা এবং স্তন্যদায়ী মা- এর নাম নথিভুক্তিকরনের পাশাপাশি সচেতনতা বৃদ্ধির কাজ করেন। পুষ্টিকর খাবারের জন্য অর্থ সহায়তা ছাড়াও কন্যা সন্তানের প্রতি ইতিবাচক মনোভাব গড়ে তুলতে বিশেষ উদ্যোগ নেওয়া হয়ে থাকে। এক বিবৃতিতে মন্ত্রক জানিয়েছে, এই প্রকল্পের সূচনার পর থেকে ৪ কোটি ৫ লক্ষের অধিক উপভোক্তাকে সরাসরি সুবিধা হস্তান্তরের মাধ্যমে ১৯ হাজার ২৮ কোটি টাকা অর্থ সহায়তা করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ঝাড়খণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী শিবু সোরেনের প্রয়াণে রাজ্যের রাজনৈতিক মহলে শোকের ছায়া । মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮১ বছর । বর্তমান মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের বাবা, শিবু সোরেন, দীর্ঘদিন ধরেই নানা অসুস্থতায় ভুগছিলেন। নতুন দিল্লিতে আজ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, তাঁর প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন। তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে রাজ্যসভার অধিবেশন আজ দিনের মতো মুলতুবি ঘোষণা করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রবাদপ্রতীম বেতার সম্প্রচারক, নাট্যকার ও অভিনেতা বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের জন্মদিনে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। মহিষাসুরমর্দিনী বেতার অনুষ্ঠানে তাঁর শ্লোক পাঠ এবং ভাষ্য, আজও বাঙালীর মহালয়ার সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে আছে। একাধিক নাটক রচনা ও প্রযোজনা করেন তিনি।

একটি প্রতিবেদন-

( ক্যাপসুল- অভিজিৎ )

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের জন্মদিনে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo

oooooooooooooooooooooo